মধুপুরে পিচ ঢালা রাস্তায় এখন হাবড় কাঁদা

এক সময় ছিল পাঁকা রাস্তা, এখন হয়ে গেছে মাটির। শুধু মাটির নয় রিতিমত হাঁবড়। গত ১২ বছর সংষ্কার না হওয়ায় এক সময়ের পিচের রাস্তাটি এখন মাটির রাস্তায় পরিণত হয়েছে। রাস্তার পিচ-পাথর উঠে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। এখন আর বোঝার উপায় নেই এখানে এক সময় পাঁকা রাস্তা ছিল।

বর্তমান অবস্থা এতোটাই খারাপ যানবাহন তো দুরের কথা পথচারী এমনকি গরু ছাগলও হেটে যাতায়াত করতে পারছে না। এই অবস্থা ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটী ইউনিয়নের দূর্গাপুর গ্রামের। গ্রামবাসি সিদ্দিক হোসেন জানান, বিজয়াপুর ও শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামের মাঝে এই দুই কিলোমিটার রাস্তা দুই উপজেলাবাসির জন্য খুবই জনগুরুত্বপুর্ন। অথচ এলজিইডি’র আওতাভুক্ত এই রাস্তাটি যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপুর্ন হলেও নির্মানে কোন গুরুত্ব নেই।

ফলে বছরের পর বছর কাঁদায় নিমজ্জিত থাকে সবচে গুরুত্বপুর্ন এই সড়কটি। দূর্গাপুর গ্রামের বাসিন্দা আবু বক্কর জানান, মাত্র দুই কিলোমিটার রাস্তার জন্য দুই উপজেলার ২০ গ্রামের মানুষ ৩০ কিলোমিটার ঘরে ঝিনাইদহ জেলা শহরে আসেন। অথচ রাস্তার দুই পাশে ৩২ কিলোমিটার উন্নতমানের পাকা রাস্তা আছে। সরেজমিনে দেখা গেছে, ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের ঝিনাইদহ অংশের পাঁচমাইল নামক স্থান থেকে উত্তর দিকে এই রাস্তাটি ঝিনাইদহের বিজয়পুর, দুর্গাপুর, শৈলকুপার পিড়াগাতি, ফাদিলপুর হয়ে শৈলকুপা উপজেলা শহরে মিলেছে। অন্যদিকে দূর্গাপুর গ্রাম থেকে ঝিনাইদহ শহর পর্যন্ত ১৪ কিলোমিটার রাস্তাও পিচঢালা।

কিন্তু ঝিনাইদহ সদর উপজেলার দূর্গাপুর ও শৈলকুপার পিড়াগাতি গ্রামের মাঝে দুই কিলোমিটার সড়ক রয়েছে চলাচলের একেবারেই অযোগ্য। রাস্তায় বড় বড় গর্ত। এই গর্ত পেরিয়ে ভারী যানবাহন, ভ্যান-রিক্সা দুরের কথা এখন আর পাঁয়ে হেটেও পথ পাড়ি দেওয়া যাচ্ছে না। এখন আর রাস্তাটি দেখে বোঝার উপায় নেই এখানে এক সময় পাঁকা রাস্তা ছিল। শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামের আলিনুর রহমান জানান, ফাদিলপুর বাজারটি শৈলকুপা উপজেলার বড় বাজার।

এই বাজারের ব্যবসায়ীরা ঝিনাইদহ শহরে মোকাম করতে পারছেন না। যারা করছেন তাদেরও শৈলকুপা শহর হয়ে ঝিনাইদহ যেতে হচ্ছে। এতে তাদের অতিরিক্ত ৩০ কিলোমিটার ঘুরতে হচ্ছে। তারা দূর্গাপুর হয়ে ঝিনাইদহ গেলে মাত্র ১৫ কিলোমিটার পথ পাড়ি দিলেই যেতে পারে। এলাকায় উৎপাদিত কৃষি পন্য সহজে বাজারজাত করতে পারছেন দুই কিলোমিটার রাস্তার জন্য। এ বিষয়ে তারা একাধিকবার ঝিনাইদহ এলজিইডি অফিসে যোগাযোগ করেছেন, কিন্তু রাস্তাটি সংষ্কারের কোনো উদ্যোগ গ্রহন করা হয়নি।

এ বিষয়ে ঝিনাইদহ এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী মোঃ মনোয়ার হোসেন জানান, এই রাস্তাটি সংষ্কারের জন্য কয়েক দফা উচ্চ পর্যায়ে লিখেছেন। কিন্তু এখনও বরাদ্ধ পাননি। আবারো বিষয়টি নিয়ে উচ্চ পর্যায়ে যোগাযোগ করবেন বলে তিনি জানান। বরাদ্ধ পেলেই দ্রæত মেরামতের ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ওই কর্মকর্তা।

ঝিনাইদহে শোকাবহ আগস্টে নিহতদের স্মরণে ছাত্রলীগের আলোচনা সভা

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে ছাত্রলীগের উদ্যোগে ঝিনাইদহে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
সোমবার দুপুরে জেলা শিল্পকলা একাডেমীতে বাংলাদেশ ছাত্রলীগ, ঝিনাইদহ জেলা শাখা এ অনুষ্ঠানের আয়োজন করে।
জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভাচুয়ালি উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।
প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু। জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালী উপস্থিত ছিলেন, বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি আল-

নাহিয়ান খান জয়, সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য। এছাড়াও বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৈয়ব আলী জোয়ার্দ্দার, নজরুল ইসলাম, আশফাক মাহমুদ জন, জাহাঙ্গীর হোসাইন, শাকিল আহম্মেদসহ অন্যান্যরা।
এসময় বক্তারা বলেন, জাতির জনকের আত্মত্যাগ থেকে শিক্ষা নিয়ে সেটা নিজেদের জীবনে বাস্তবায়ন করতে হবে। তার আদর্শকে বুকে লালন করে সোনার বাংলা গড়তে প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে হবে।

ঝিনাইদহে বাড়িঘর ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়া পুটিয়া গ্রামে দু’পক্ষের সংঘর্ষে একজন নিহত হওয়ার ঘটনাকে পুঁজি করে প্রতিপক্ষের বাড়িঘর ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগ উঠেছে।
সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন ভুক্তভোগি কয়েকটি পরিবার।
এসময় তারা অভিযোগ করে বলেন, গত ২৯ জুলাই পুটিয়া গ্রামে মসজিদে নামাজ পড়ার সময় আকামত দেওয়াকে কেন্দ্র করে মুসল্লীদের মাঝে বাক-বিতন্ডা হয়। এরই জের ধরে পরদিন উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এতে মোদাচ্ছের হোসেন নামের এক ব্যাক্তি নিহত হয়। এ ঘটনাকে কেন্দ্র করে ওই গ্রামের মিলন-বিপুল বাহিনী গ্রামে লুটপাট, ভাংচুর চালিয়ে যাচ্ছে। এখন পর্যন্ত ওই গ্রামের কমপক্ষে ৭০ টি বাড়ি ঘর ভাংচুর ও লুটপাট করা হয়েছে। তাদের অভিযোগ, গ্রামে মিলন-বিপুল বাহিনীর অত্যাচারে গ্রামের ৫০ টির অধিক পরিবার নির্দোষ হওয়া স্বত্তেও বাড়ি-ঘর ছেড়ে পালিয়ে মানবেতর জীবনযানপন করছে।
সংবাদ সম্মেলন থেকে বলা হয়, নিহত হওয়ার ঘটনায় তার স্ত্রী বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি মামলা দায়ের করে। যে মামলায় আসামীরা আদালতে আত্মসমর্পণ করে। কিন্তু তারপরও থেমে নেই অত্যাচার। তাই এ অত্যাচার নিপীড়ন বন্ধে সরকারের সংশ্লিষ্ট মহলের হস্তক্ষেপ কামনা

করেন তারা। সংবাদ সম্মেলনের ভুক্তভোগী রজব আলী, যুমনা বেগম, লালমতি খাতুন, কবির হোসেন, বিউটি আক্তার, রোকেয়া খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কথিত সাংবাদিক দম্পতির প্রতারণার বিচার চেয়ে ভুক্তভোগী নারীর সংবাদ সম্মেলন

ঝিনাইদহে সাংবাদিক পরিচয়দানকারী এক প্রতারক ও তার স্ত্রীর প্রতারণা থেকে বাঁচতে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী নারী। সোমবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন করেন এই ভুক্তভোগি নারী স্বপ্না কর্মকার।
তিনি অভিযোগ করেন, ঝিনাইদহ শহরের চাকলা পাড়ায় সাম্স আরেফীন অনু নামের এক প্রতারক নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে তার স্বামীর সাথে বন্ধুত্ব গড়ে তোলে। বিভিন্ন সময় ওই প্রতারক তাদের বাড়িতে আসত। বাড়িতে আসার সুযোগে স্বপ্নাকে সরাসরি ও মোবাইলে নানা কু- প্রস্তাব দিয়ে আসছিল। পারিবারিক সম্পর্কের কারণে তাদের কাছ থেকে ১ লাখ ৬৮ হাজার টাকাও ধার নেয় ওই প্রতারক সামস আরেফীন অনু। সর্বশেষ কুপ্রস্তাবে রাজী না হওয়ায় স্বপ্না কর্মকারের স্বামী সনৎ কর্মকারের নামে আদালতে মিথ্যা মামলা দায়ের করেছে।
স্বপ্না কর্মকার বলেন, অনু একজন প্রতারক ও লম্পট। তার কু- প্রস্তাবে রাজী না হওয়ায় অনু ও তার স্ত্রী নুরুন্নাহার আমার স্বামীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে। আমরা ওই লম্পটের বিরুদ্ধে তদন্ত করে ব্যবস্থা গ্রহন এবং সেই সাথে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

দৌলতপুরে বন্যা দুর্গতদের মাঝে উলামা পরিষদের ত্রাণ বিতরণ

কুষ্টিয়ার দৌলতপুরে বন্যাদুর্গতদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছেরবিবার (২৯ আগস্ট) দুপুরে উলামা পরিষদের উদ্যোগে এসব ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।উপজেলার বন্যাকবলিত চিলমারী ইউনিয়নের বেশ কিছু এলাকা ঘুরে ঘুরে আড়াইশ পরিবারের মাঝে এসব ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।এর মধ্যে ছিল- চাল, ডাল, আটা,তেল লবন, চিড়া, মুড়ি, বাতাসা, স্যালাইন ও খাবার পানি।

এসময় উলামা পরিষদের মহাসচিব মুফতি রেজাউল করিম সাহেব, সাংগঠনিক সম্পাদক মাওলানা আব্দুল লতিফ খান, ঐতিহ্যবাহী মোমতাজুল উলুম মাদ্রাসার প্রিন্সিপাল হাফেজ মাওঃ আরিফুজ্জামান, মাওলানা আফজাল হোসাইন কাসেমী, মুফতি বোরহান উদ্দিন, হাফেজ শরিফুল ইসলাম, মাওলানা আব্দুল মতিন, মাওলানা বশির আহমেদ, হাফেজ মাওলানা শিব্বির আহমদ, মুফতি আলমগীর হোসাইনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উলামা পরিষদের মহাসচিব মুফতি রেজাউল করিম সাহেব বলেন,সরকারের পাশাপাশি দুর্ভোগকবলিত মানুষের পাশে দাঁড়িয়েছে উলামা পরিষদ। সামাজিক দ্বায়বদ্ধতা থেকেই আমরা বন্যাদুর্গত এলাকার এসব দুর্ভোগে পড়া মানুষের পাশে দাঁড়িয়েছি। এটা আমাদের নৈতিক দায়িত্ব।
তিনি আরও বলেন, বৃহত্তর কুষ্টিয়া জেলা উলামা পরিষদ সাধারণ মানুষের বিপদে/প্রয়োজনে সবসময় পাশে থাকার চেষ্টা করে এবংআগামীতেও যে কোন দুর্যোগ মোকাবেলায় সরকারের পাশাপাশি কাজ করে যাওয়ার চেষ্টা করবে।

কুমারখালীতে অজ্ঞাত ব্যাক্তির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার কুমারখালীতে অজ্ঞাত এক ব্যাক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

সোমবার বিকেলে কুষ্টিয়া শহরতলীর লাহিনীপাড়া এলাকার খালেকের ইটভাটার পাশের রেলওয়ের জলাশয় থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

পুলিশ ও স্থানীয় সুত্রে জানা গেছে, সোমবার বিকেলের দিকে রেলওয়ের ইজারাকৃত জলাশয়ের কচুরীপানা পরিস্কার করার সময় স্থানীয় জেলেরা মরদেহটি দেখতে পেয়ে ইজারাদার আলাউদ্দিনকে খবর দেয়। পরবর্তীতে ইজারাদার কুমারখালী থানা পুলিশকে খবর দেন। পরে পুলিশ এসে মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসাপাতালের মর্গে প্রেরণ করে।

অজ্ঞাত ব্যক্তির পরনে কালো রঙের ট্রাউজার ও টি শার্ট রয়েছে এবং জলাশয়ের পাড়ে একটি কালো রঙের স্যান্ডেল পড়ে ছিলো। ধারণা করা হচ্ছে হত্যা করে জলাশয়ের পাড়ে কলমিলতা ও কচুরিপানা দিয়ে মরদেহ ঢেকে রেখে গেছে হত্যাকারীরা।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, ৩০ থেকে ৩৫ বছর বয়সী অজ্ঞাত পুরুষের লাশ রেলওয়ের জলাশয় থেকে উদ্ধার করে মর্গে প্রেরণ করা হয়েছে। তবে মরদেহটির নাম পরিচয় এখনো জানা যায়নি।

দৌলতপুরে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

কুষ্টিয়ার দৌলতপুরে পুকুরের পানিতে ডুবে তিন বছর বয়সী মাহিম নামে এক শিশুর মৃত্যু হয়েছে। সোমবার দুপুরে সদর উপজেলার খোর্দবাখল গ্রামে এ ঘটনা ঘটে।মৃত মাহিম সদর উপজেলার ঝাউদিয়া ইউনিয়নের খোর্দবাখল গ্রামের সুজল ইসলামের একমাত্র পুত্র।

মাহিমের পিতা সুজল জানান, দুপুরের দিকে তিনি ব্যবসা সংক্রান্ত কাজে বাড়ির বাইরে ছিলেন। মাহিমের মাসহ পরিবারের অন্য সদস্যরা এ সময় পারিবারিক কাজে ব্যস্ত ছিলেন। এ সময় শিশু মাহিম খেলা করতে গিয়ে বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। কিছুক্ষণ পর পরিবারের লোকজন মাহিমকে দেখতে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করে। আশেপাশে কোথাও খুঁজে না পেয়ে বাড়ির লোকজন পুকুরে নেমে খুঁজতে শুরু করলে পানির মধ্যে মাহিমকে অচেতন অবস্থায় পাওয়া যায়। সেখান থেকে তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে আসা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে।

জীবননগরে ১২ঘন্টা পর খুলনার সঙ্গে সারাদেশের ট্রেন চলাচল স্বাভাবিক

চুয়াডাঙ্গা জীবননগর উপজেলার উথলী রেলস্টেশনের কাছে ৫টি তেলবাহী ট্যাংকার লাইনচ্যুত হওয়ার ঘটনায় দীঘ ১২ ঘণ্টা চেষ্ঠার পর খুলনার সঙ্গে সারা দেশের ট্রেন চলাচল স্বাভাবিক হয়।
সোমবার (৩০ আগস্ট) সকালে পাকশী থেকে উদ্ধারকারী রিলিফ ট্রেন এসে সকাল আটটায় উদ্ধারকাজ শুরু করে। লাইনচ্যুত ৩টি ট্যাংক তুলে দুপুর ১২টায় মেইন লাইনটি সচল করে।
উথলী রেলস্টেশনে কর্মরত মাস্টার মোহাম্মদ আলী জানান, খুলনা থেকে ছেড়ে আসা ঢাকাগামী সুন্দরবন এক্সপ্রেসকে পাস করানোর জন্য একটি তেলবাহী ট্যাংকার রাত ১২টা ৪০ মিনিটে উথলী স্টেশনে লুপ লাইনে দাঁড় করানো হয়। এ সময় সুন্দরবন পার হয়ে গেলে তেলবাহী ট্রেনটি যাত্রা শুরু করলে স্টেশনের হোম সিগন্যালের কাছে ট্রেনটির ৫টি ট্যাংকার লাইনচ্যুত হয়ে যায়। এরপর থেকে এ রুটে ট্রেন চলাচল বন্ধ ছিল। স্থানীয় সুত্রে জানা গেছে উথলী রেলস্টেশনের পাশে পুকুর থেকে বালি তোলার কারনে রেললাইনের এক পাশ দেবে যাওয়ায় এ ঘটনা ঘটেছে। এদিকে এ ঘটনাটি তদন্তের জন্য পাচ সদস্যের একটি কমিটি গঠন করেছে রেল কর্তৃপক্ষ। ইতোমধ্যেই তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। কমিটির অন্যতম সদস্য পাকশী ডিভিশনের প্রধান পরিবহন কর্মকর্তা

মো. আনোয়ার হোসেন জানান,কি কারনে রেল লাইনচ্যুত হল বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে ।তেলবাহী ট্যাংকারটি ৩০টি ট্যাংক নিয়ে খুলনা থেকে নাটোরে যাচ্ছিল।

মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহের ৩য় দিনে মৎস্য চাষী ও মৎস্য জীবিদের সাথে মত বিনিময়

বেশি বেশি মাছ চাষ করি বেকারত্ব দূর করি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে,
জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ পালনের ৩য় দিনে উপজেলার বাগোয়ান ইউনিয়নের মৎস্য চাষী ও মৎস্য জীবিদের সাথে মতবিনিময় করেছে উপজেলা মৎস্য অফিস।
সোমবার সকাল সাড়ে১১টার সময় মুজিবনগর উপজেলা মৎস্য অফিসের আয়োজনে জয়পুর তারানগর স্কুলে এ মতবিনিময় সভা করা হয়।
মতবিনিময় সভায় উপজেলা,সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা(অঃদা)শহিদুল ইসলাম এর সভাপতিত্বে উপস্হিত ছিলেন,উপজেলা মৎস্য সম্প্রসারন কর্মকর্তা নাজমুস সাকিব,ক্ষেত্র সহকারী আহসান হাবিব এবং বাগোয়ান ইউনিয়নের মৎস্যচাষী ও মৎস্যজীবিবৃন্দ।

মেহেরপুর পৌর কাউন্সিলর

সোহেল রানা ডলার গ্রেফতার

মেহেরপুর পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও জেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি মোঃ সোহেল রানা ডলারকে (৩৬) গ্রেফতার করেছে ডিবি পুলিশের একটি দল। ডিবি সূত্রে জানা গেছে গতকাল রবিবার রাতে ডিবির ওসি জুলফিকার আলীর নেতৃত্বে ডিবির এসআই হাবিবুর রহমান, এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই মাহতাব উদ্দিন, এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে শহরের গোরস্থাানপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করে। মোঃ সোহেল রানা ডলার মেহেরপুর থানার মামলা নং ২২। তারিখ ২০/১২/২০২০। ধারা ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার এ্যাক্ট এর ১৫(৩)/২৫ ডি এর এজাহারনামীয় আসামী। মোঃ সোহেল রানা ডলার স্টেডিয়ামপাড়ার শামসুদ্দিনের ছেলে। তার বিরুদ্ধে নাশকতা ও দ্রুত বিচার আইনে একাধিক মামলা বিচারাধীন আছে বলে ডিবি জানিয়েছে।